দৈনিক বাংলা

তাং ৬/২/৮২
পৃষ্ঠা

095

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বাস্থ্য পরিদপ্তর

ডাইরেক্টর মেডিক্যাল এডুকেশন এন্ড হসপিটালস-এর কার্যালয়

১০৫/১০৬, মতিঝিল বাণিজ্যিক এলাকা

ঢাকা-২

নং স্বাস্থ্য/শাখা/এমই-১/১/৮২/১৮০৩ তারিখ: ৪-২-১৯৮২

# বিজ্ঞপ্তি

## বিষয়: ১৯৮১-৮২ সেশনে বিভিন্ন মেডিকেল কলেজে ১ম বর্ষ এম বি বি এস ক্লাশে উপজাতীয় ছাত্রভর্তি সম্পর্কে বিজ্ঞপ্তি

১৯৮১-৮২ সেশনে ১ম বর্ষ এমবিবিএস ক্লাসে সংরক্ষিত আটটি আসনে উপজাতীয় ছাত্র ভর্তির জন্য নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাইতেছে। আসনগুলি নিম্নলিখিতভাবে সংরক্ষিত: (ক) ৫টি আসন পার্বত্য চট্টগ্রাম, বান্দরবন ও চট্টগ্রাম জেলার উপজাতীয়গণের জন্য (খ) একটি আসন সিলেট জেলার উপজাতীয়গণের জন্য এবং (গ) ২টি আসন অন্যান্য জেলার উপজাতীয়গণের জন্য।

যে সকল উপজাতীয় ছাত্র বিজ্ঞান গ্রুপে এসএসসি এবং জীব-বিজ্ঞানসহ বিজ্ঞান গ্রুপে এইচএসসি পাস করিয়াছেন এবং কোন তৃতীয় বিভাগ ব্যতিরেকে দুই পরীক্ষায় মিলিতভাবে কমপক্ষে শতকরা ৪৫ নাম্বার পাইয়াছেন তাহারা ১০/- (দশ) টাকা রেজিস্ট্রেশন ফিস দাখিল করিয়া ঢাকা মেডিক্যাল কলেজ অথবা চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হইতে ফরম সংগ্রহ করিয়া দরখাস্ত দাখিল করিতে পারেন।

যে সকল ছাত্র ১৯৭৯ সালে এসএসসি পরীক্ষা পাস করিয়াছেন তাহারা নিয়মিত বলিয়া গণ্য হইবে। উক্ত বৎসরের পূর্বের প্রতিটি বৎসরের জন্য সর্বমোট নম্বর হইতে ২৫ নম্বর করিয়া বাদ যাইবে। এসএসসি ও এইচএসসি পরীক্ষার সর্বমোট নম্বর হইতে অনিয়মিতের জন্য ও গ্রেস নম্বর বাদ দেওয়ার পর যে নম্বর থাকিবে তাহার উপর ভিত্তি করিয়া প্রার্থী নির্বাচন করা হইবে।

নির্ধারিত ফরম সম্পূর্ণ করিয়া যে মেডিক্যাল কলেজ হইতে ফরম সংগ্রহ করা হইয়াছে উহার অধ্যক্ষের নিকট ২০শে ফেব্রুয়ারী ১৯৮২ তারিখে বা তাহার পূর্বে ব্যক্তিগতভাবে দরখাস্ত দাখিল করিতে হইবে। দরখাস্তের সহিত নিম্নলিখিত দলিলপত্র সংযোজিত করিতে হইবে:

(ক) এসএসসি ও এইচএসসি পাশ সম্পর্কে সত্যায়িত সার্টি-ফিকেট/টেস্টিমনিয়াল;

(খ) এসএসসি ও এইচএসসি পরীক্ষার সত্যায়িত মার্কসিট।

(গ) সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান-এর নিকট হইতে প্রাপ্ত চরিত্র, ব্যক্তিত্ব ও কার্যকলাপ সম্পর্কে প্রশংসাপত্রের সত্যায়িত কপি।

(ঘ) নিজস্ব জেলার ডেপুটি কমিশনারের নিকট হইতে উপ-জাতীয় বলিয়া উল্লেখিত মূল সার্টিফিকেট, যাহাতে উপজাতীয় নাম উল্লেখ থাকিবে (এ সম্পর্কে অন্য কোন ব্যক্তির সার্টিফিকেট গ্রহণযোগ্য হইবে না) এবং

(ঙ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত প্রার্থীর ৩ (তিন) কপি পাসপোর্ট আকারে ছবি।

২০শে ফেব্রুয়ারী, ১৯৮২ তারিখের অপরাহ্ণ ১টার পরে কোন দরখাস্ত গ্রহণ করা হইবে না।

পরিচালক
মেডিক্যাল এডুকেশন এন্ড হসপিটাল,
বাংলাদেশ।

জনস—৮২৮(৪-২)
জি—৩৩১